কোটচাঁদপুরে সড়কে গাছ কেটে আবারো ডাকাতির চেষ্টা

ঝিনাইদহের কোটচাঁদপুর মহাসড়কে গাছ কেটে আবারো ডাকাতির ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার ভোরে পৌর কাশিপুর ডিগ্রী কলেজের পাশে এ ঘটনা ঘটে।

এতে একটি ট্রাক ড্রাইভারকে অস্ত্রের মূখে জিম্মি করে টাকা পয়সা ছিনিয়ে নিলেও অল্পের জন্য রক্ষা পেয়েছেন ঢাকা থেকে ছেড়ে আসা পূর্বাশা পরিবহনের একটি এসি বাসের যাত্রী সাধারণ। বাসের সুপার ভাইজার ৯৯৯ এ কল দিলে কোটচাঁদপুর থানা পুলিশ ঘটনাস্থলে পৌছালে ডাকাত দল পালিয়ে যায়। পরে তাদেরকে উদ্ধার করে যানচলাচল স্বাভাবিক করা হয়।

পূর্বাশা পরিবহনের সুপার ভাইজার তমাল হোসেন জানান, বুধবার রাত ১০ দিকে ঢাকা গাবতলী থেকে পূর্বাশা পরিবহনের একটি এসি বাস দর্শনার উদ্দ্যেশে ছেড়ে আসি। বৃহস্পতিবার ভোর ৫ টার দিকে কালিগঞ্জ-কোটচাঁদপুর মহাসড়কের কাশিপুর পৌর কলেজের অদূরে পৌছালে সামনে একটি মেহগনি গাছ কেটে সড়কে পড়ে থাকতে দেখি। এসময় ডাকাত দল একটি ট্রাকের গতিরোধ করে ।

তমাল হোসেন বলেন, আমাদের পরিবহনটি ঘটনাস্থলে যাওয়া মাত্রই মাথায় হেলমেট পরিহিত ৭/৮ জনের সংঘবদ্ধ ডাকাত দল বাসের গ্লাস খোলার চেষ্টা চালায়। এসময় বাসের সুপার ভাইজার তমাল ৯৯৯ এ কল দিলে কোটচাঁদপুর থানা পুলিশের হাইওয়ের একটি টিম ঘটনাস্থলে পৌছায়। পরে সেখানে কোটচাঁদপুর থানা পুলিশের আরো একটি টিম আসে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে সংঘবদ্ধ ডাকাত দল পালিয়ে যায়। এতে অল্পের জন্য প্রাণে রক্ষা পান পরিবহন যাত্রীরা।

ইতোপূর্বে ২০১৭ সালের ডিসেম্বর মাসে কোটচাঁদপুর থানা থেকে প্রায় ১ কিলোমিটার অদূরে একইস্থানে গাছ কেটে ডাকাতির ঘটনা ঘটে। এসময় ডাকাত দলের হামলায় রবিউল ইসলাম নামে স্থানীয় এক ব্যবসায়ী নিহত হন। থানা পার্শ্ববর্তী এলাকায় প্রায়ই ডাকাতির ঘটনায় পরিবহন মালিক সহ সাধারণ মানুষের মাঝে আতঙ্ক দেখা দিয়েছে।

এব্যাপারে মডেল থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন ঘটনাল সত্যতা

নিশ্চিত করে জানান, গাছ কেটে ডাকাতির চেষ্টা কালে পরিবহনের একজন ৯৯৯ এ ফোন দিলে কন্ট্রোল রুম থেকে থানার ডিউটি অফিসারকে জানানো হয়। পরে সড়কে টহলরহত পুলিশ সদস্যদের কে দ্রুত ঘটনাস্থলে পাঠানো হয়। ডাকাত দল পুলিশের উপস্থিতি টের পেয়ে ডাকাতি সংঘটিত করতে পারেনি।

ঝিনাইদহে বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত, আহত ৪

ঝিনাইদহে সদর উপজেলায় বাস চাপায় পিষ্ট হয়ে ১জন নিহত হয়েছে। এ সময় আহত হয় আরও ৪জন।

দুর্ঘটনায় নিহত তারেক হোসেন (৪৪) ঝিনাইদহ সদর উপজেলার বুড়াই গ্রামের জহর আলীর ছেলে। প্রাথমিক ভাবে আহত ৪জনের নাম পরিচয় জানা যায়নি। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে বিভিন্ন হাসপাতালে ভর্তি করে।

ডাকবাংলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই মো. বিল্লাল হোসেন জানান, শুক্রবার বিকালে চুয়াডাঙ্গা থেকে ঢাকাগামী পূর্বাশার পরিবহনের একটি বাস ঘটনাস্থলে পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারিয়ে তারিক হোসেনকে চাঁপা দেয়। এতে ঘটনাস্থলেই তিনি মারা যান। বাসটি আটক করলেও চালক ও হেলপার পালিয়ে গেছে বলে তিনি জানান।

শৈলকুপায় নব-নির্বাচিত

চেয়ারম্যানের বিরুদ্ধে হত্যা মামলার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নের নব-নির্বাচিত চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুলের বিরুদ্ধে হত্যা মামলার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নের রতনাট গ্রামে এলাকাবাসীর ব্যানারে তার সমর্থকরা এই কর্মসূচীর আয়োজন করে। ব্যানার ফেস্টুন নিয়ে জনপ্রতিনিধি, স্থানীয় মাতব্বরসহ নানা শ্রেণী পেশার মানুষ কর্মসুুচিতে অংশ নেয়।

এতে নব-নির্বাচিত ইউপি সদস্য তুহিন বিশ্বাস, সাবেক সদস্য কাজী মোহাম্মদ আলী, শৈলকুপা উপজেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি মেহেদী হাসান, স্থানীয় মাতব্বর চাঁদ আলী, ছবিরন নেছা, রুমি খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধন শেষে সমাবেশে বক্তারা বলেন, গত ৮ জানুয়ারি বগুড়া ইউনিয়নের আওধা গ্রামে কল্লোল খন্দকার নামের এক যুবক নিহত হয়। ঘটনার সময় বিনা ভোটে নির্বাচিত ইউপি চেয়ারম্যান ও জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল শৈলকুপা উপজেলা আইনশৃৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত থাকলেও তাকে আসামী করে মামলা দায়ের করা হয়েছে। মামলাটি ষড়যন্ত্র দাবী করে বক্তারা দ্রুত এই মামলা প্রত্যাহার করে প্রকৃত দোষীদের আইনের আওতায় আনার দাবী জানান।

হরিণাকুণ্ডুতে অবৈধ ম্যানেজিং কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার ভায়না ইউনিয়নের বাকচুয়া লক্ষীপুর

মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সািইদুর রহমান
(দুদু) রহমানের অপসারণ ও অভিযুক্ত পকেট ব্যবস্থাপনা কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন করেছে বিদ্যালয়টির সাবেক অবিভাবক সদস্য, অভিভাবক,শিক্ষার্থী সহ এলাকাবাসীর একাংশ।

বুধবার(১২ জানুয়ারি) সকালে ১১টায় বাকচুয়া লক্ষিপূর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সাবেক অবিভাবক সদস্য মনু মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তারা বিদ্যালয়ের অবৈধ ব্যবস্থাপনা কমিটি বাতিল ও দূর্ণীতিবাজ প্রধান শিক্ষকের অপসারনের দাবী জানিয়েছেন।

সাবেক ব্যবস্থাপনা কমিটির অবিভাবক সদস্য ও মানববন্ধনের সভাপতি মনু মিয়া তার বক্তব্যে বলেন, কোনও নির্বাচন বা সদস্যদের ভোটাধিকার ছাড়াই প্রধান শিক্ষক চাপের মূখে ঘরে বসেই এই কমিটি গঠন করেছে,। দুর্নীতিবাজ এই প্রধান শিক্ষক ইতিপূর্বে বেশ কয়েকটি নিয়গে নিয়গ প্রতি ৬ থেকে প্রায় ১০ লক্ষ টাকা বানিজ্য করা সহ নিয়োগ বানিজ্যের টাকা আত্মসাৎ করার লক্ষেই এই অনিয়ম করে পকেট ব্যবস্থাপনা কমিটি করা হয়েছে জানিয়েছেন।

সাবেক অবিভাবক সদস্য বিপুল মন্ডল বলেন এই প্রধান শিক্ষক একজন দুর্নীতিবাজ ,তাঁর অপকর্মের কথাবলে শেষ করা সম্ভব নয়, বাকচুয়া ও লক্ষিপূর এই দুই গ্রামের মানুষের চাওয়া ছিলো নির্বাচনের মধ্যদিয়ে একটি সচ্ছো কমিটি উপহার দেওয়া কিন্তু বসির ও রাজু মাস্টারের যোগসাজশে প্রধান শিক্ষক অনিয়ম করে এই কমিটি করেছে, আমি এই অন্যায় কমিটি বাতিল সহ প্রধান শিক্ষক সাইদুর রহমানের অপশাসনের দাবী জানাচ্ছি।

বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্রী লিমা খাতুনের পিতা শামিম আহম্মেদ, বিদ্যালয়টির সহকারী শিক্ষক জয়নুল আবেদীন,মনিরুজ্জামান একই বক্তব্য উপস্থাপন করেন।

মানববন্ধনে অংশ নেওয়া ছাত্র ও ছাত্রীরা বলেন, প্রধান শিক্ষক স্কুলে উন্নয়ন না করে স্কুলের মাটি ও স্কুলের জমিতে থাকা আম,কাঠাল ও লিচু বিক্রির টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ করেছে। উল্লেখ্য মানববন্ধনে স্কুলের ছাত্র ছাত্রী সহ তাদের অবিভাবক ও এলাকার সাধারণ মানুষ অংশগ্রহন করে।

ঝিনাইদহে করোনা আক্রান্তদের মধ্যে ওমিক্রনের লক্ষণ

ঝিনাইদহে গত ৩ দিনে ১৫ জন করোনায় রোগী শনাক্ত হয়েছে। আক্রান্তদের মধ্যে সকলেরই ওমিক্রনের লক্ষণ রয়েছে বলে জানিয়েছেন চিকিৎসকরা।
বর্তমানে ভাইরাসটিতে আক্রান্ত হয়ে এক জন সদর হাসপাতালে চিকিৎসা নিচ্ছে আর বাকিরা নিজ বাড়িতেই চিকিৎসাধনী।
ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটের প্রধান ও মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ জাকির হোসেন জানান, আক্রান্তদের মধ্যে একটি পরিবার ভারত থেকে এসেছে এবং বাকিদের ঢাকা, খুলনা সহ বিভিন্ন স্থানে ভ্রমণের ইতিহাস রয়েছে।
এদের মধ্যে মৃদু জ্বর, মাথা ব্যাথা,গলা ব্যাথা রয়েছে। এতে আমরা ধারণা করছি এটি বাইরের দেশের যে সংক্রমণ সেটি আমাদের বাংলাদেশে ও ঝিনাইদহে এসে গেছে।
অর্থাৎ এটি ওমিক্রন হতে পারে বলে আমরা সন্দেহ করছি। আগের ধরনের মতোই একই চিকিৎসা চলছে আক্রান্তদের। এমন পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলারও পরামর্শ দেন তিনি।

কোটচাঁদপুর-মহেশপুর সড়কে দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী প্রবাসীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর-মহেশপুর সড়কে আলমসাধু ও মোটরসাইকেল সংঘর্ষে মাহাতাব হোসেন (৩২) নামে এক কাতার প্রবাসী নিহত হয়েছে।

বুধবার সকালে মহেশপুর উপজেলার বড় খাঁনপুর বাজারের পার্শ্ববর্তী গোয়াতলি মাঠে এ দূর্ঘটনা ঘটে। এসময় ঈসরাফিল নামে এক মাদ্রাসা শিক্ষক গুরতর আহত হয়।

নিহতের প্রতিবেশিরা জানান, বুধবার সকালে আদমপুর থেকে প্রবাসী মাহাতাব ও মাদ্রাসা শিক্ষক ঈসরাফিল মোটরসাইকেল যোগে আদমপুর হাফেজী মাদ্রাসার ওয়াজ মাহফিলের ব্যানার আনতে পুড়াপাড়া বাজারে যাচ্ছিল। পথিমধ্যে বড় খাঁনপুর বাজার এলাকায় পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি কাঠ বোঝায় আলমসাধুর সঙ্গে সংঘর্ষ হয়। স্থানীয়রা তাদের কে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মাহাতাব কে মৃত ঘোষণা করেন। এঘটনায় গুরতার আহত মাদ্রাসা শিক্ষক ইসরাফিলকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান, হাসতপাতালে আসার আগেই মাহাতাব মারা যায়। নিহত মাহাতাব মহেশপুর উপজেলার আদমপুর গ্রামের আইনাল হকের ছেলে। প্রবাসী মাহাতাব গত দুই মাস পূর্বে কাতার থেকে দেশে এসে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। গুরতার আহত মাদ্রাসা শিক্ষক ইসরাফিল একই উপজেলার মান্দার বাড়িয়া গ্রামের ফুলজার আলীর ছেলে।

ঝিনাইদহে শিক্ষকদের অনিয়মের প্রতিবাদে শিক্ষার্থীদের সড়ক অবরোধ

শিক্ষকদের নানা অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদ ও প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের দাবিতে ঝিনাইদহে সড়ক অবরোধ করেছে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষার্থীরা।

বুধবার বেলা ১১ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিষ্ঠানের সামনে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করে তারা। এসময় বন্ধ হয়ে যায় ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে যান চলাচল। ভোগান্তীতে পড়ে সড়কে চলাচলকারীরা। অবরোধ চলাকালে ওই প্রতিষ্ঠানে বিভিন্ন বর্ষের শিক্ষার্থীর নানা শ্লোগান দিতে থাকে।

অবরোধ চলাকালীন সময়ে এক শিক্ষার্থী বলেন, ঝিনাইদহ কৃষি

প্রশিক্ষণ ইনস্টিটিউটের শিক্ষকরা শিক্ষার্থীদের সাথে নানা অনিয়ম করে আসছে। ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা সঠিক ভাবে দিলেও শিক্ষকরা তাদের নম্বর কম দিচ্ছে। প্রতিবাদ করা হলে টিসি দিয়ে অন্য প্রতিষ্ঠানে পাঠিয়ে দেওয়া হয়েছে অনেককে। শিক্ষকরা ব্যবহারিক ক্লাসের নামে মাঠে কাজ করান। আমাদের ঠিকমত ক্লাস নেন না। দেশের অন্য এটিআই থেকে আমাদের এটিআইতে ভর্তির জন্য ৭০০ টাকা বেশি নেওয়া হয়। এসব অনিয়মের মুল হোতা প্রতিষ্ঠানের অধ্যক্ষ। পরে পুলিশ ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ দাবী মানার আশ্বাস দিয়ে শিক্ষার্থীরা অবরোধ তুলে দেয়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, কিছু দাবী নিয়ে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করেছিল। কর্তৃপক্ষ সমস্যার সমাধান করে দিবে এমন আশ্বাসে তারা অবরোধ তুলে নেয়।

এ ব্যাপারে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ দেবানন্দ বিশ্বাস’র সাথে কথা বলতে গেলে তিনি বলেন, ব্যস্ত আছি পরে কথা হবে।

ঝিনাইদহের হাটগোপালপুরে শাহ্জালাল ইসলামী ব্যাংকের শীতবস্ত্র বিতরণ

ঝিনাইদহে হাটগোপালপুর শাহ্জালাল ইসলামী ব্যাংকের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।
আজ মঙ্গলবার বিকেলে ব্যাংক কার্যালয়ে দুই শতাধিক কম্বল বিতরণ করা হয়।
এ সময় ব্যাংকের ব্যবস্থাপক শফিকুল ইসলাম বখতিয়ার, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই রবি শংকর নাগ, এডভোকেট আবদুর রশিদ, বিশিষ্ট ব্যবসায়ী আরব আলী, সমাজসেবক মহিউদ্দিন টিটুসহ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।
আলোচনা সভা শেষে দুই শতাধিক দুস্থ অসহায় শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।
শীতবস্ত্র পেয়ে অসহায় মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ

করেন।উল্লেখ্য, দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানটি সুনামের সাথে মানুষের কল্যাণে সেবামূলক সকল কর্মকান্ড চালিয়ে যাচ্ছে।

শৈলকুপায় ৪ দিনেও আটক হয়নি অবৈধ ঘাতক ট্রাক্টর

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক্টরে পিষ্ঠ হয়ে মারা যাওয়ার ৪দিন অতিবাহিত হলেও ঘাতক ট্রাক্টরটি আটক করা হয়নি। বহাল তবিয়তে এখনো ট্রাক্টরটি আশা ইট ভাটা কাজীপাড়া শৈলকুপায় রয়েছে । ট্রাক্টরটি কেন আটক করা হচ্ছে না এ নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে সাধারণ মানুষের মধ্যে ।

কিভাবে এই ঘাতক ট্রাক্টরটি সেনা সদস্যের স্ত্রীকে পিষে দিল তার ভিডিও ফুটেজ এখন শৈলকুপার সাধারণ মানুষের হাতে হাতে। ঘাতক ট্রাক্টরের মালিক প্রভাবশালী হওয়ায় ট্রাক্টরটি থানা হেফাজতে নিচ্ছে না বলে এলাকাবাসির অভিযোগ।

সেনা সদস্য রাজিবের চাচাত ভাই আবুল হোসেন বলেন, রাজিবের স্ত্রী মারা যাওয়ার কয়েকদিন আগে তার মাও মারা গিয়েছেন। আবার রাজিবের অবস্থাও আশংকাজনক তাই এখনো থানায় অভিযোগ দায়ের করা হয়নি । তবে আমরা অবশ্যই কিছুদিনের মধ্যে অভিযোগ দায়ের করবো।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি রফিকুল ইসলাম বলেন, এখনো কোন অভিযোগ আসেনি তাই মামলা হয়নি। আমরা এই মারা যাওয়ার বিষয়ে কিছুই জানতাম না, আপনাদের মাধ্যমে শুনছি। তবে বিষয়টি খতিয়ে দেখছি।

উল্লেখ্য, ঝিনাইদহের শৈলকুপায় ইট ভাটার মাটি টানা ট্রাক্টরের চাকায় পিষ্ঠ হয়ে মারা যায় এক সেনা সদস্যের স্ত্রী। শুক্রবার বিকালে আহত হওয়ার পর তাকে যশোর সিএমএইচ হাসপাতালে ভর্তি হওয়ার পর তিনি মারা যান। নিহত সেনা সদস্যের স্ত্রী শাহানারা (৩৫) খাতুন বালিয়াকান্দি উপজেলার চর দক্ষিণ বাড়ি গ্রামের মেছের আলীর মেয়ে। সেনা সদস্য রাজিব কালুখালী উপজেলার মোহনপুর গ্রামের তাজু মন্ডলের ছেলে। রাজিবও যশোর সিএম এইচ হাসপাতালে মৃত্যুর সাথে লড়ছে।

ঝিনাইদহে ভাস্তের কোঁদালের আঘাতে চাচা খুন

ঝিনাইদহের যাদবপুর গ্রামে কোঁদালের আঘাতে আওলাদ হোসেন (৭০) নামের এক কৃষককে খুনের অভিযোগ উঠেছে ভাতিজাদের বিরুদ্ধে।

সোমবার দুপুর তিনটার দিকে সদর উপজেলার যাদবপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত আওলাদ ওই গ্রামের সৈয়দ আলীর ছেলে।

নিহতের ভায়রা মতলেবুর রহমান জানান, ১০ কাঠা জমি নিয়ে বড়ভাই নিয়ামত আলীর তিন ছেলে জহর আলী, শহিদুল ইসলাম ও মহিদুল ইসলামের সঙ্গে বিবাদ চলছিল আওলাদ হোসেনের।

দুপুরের পর আওলাদ মাঠে কাজ করছিলেন। এসময় তার বড় ভায়ের তিন ছেলে মাঠে গিয়ে কোদাল দিয়ে তাকে আঘাত করতে থাকেন। এক পর্যায়ে ঘটনাস্থলেই তিনি মারা যান। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। হাসপাতলের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মো. সোহেল রানা ঘটনার সত্যতা স্বীকার করে জানান, হত্যার ঘটনায় জড়িতদের গ্রেফতারে অভিযান চলছে।